# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩১১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২১. নিফাসের সময়সীমা সম্পর্কে

باب مَا جَاءَ فِي وَقْتِ النُّفَسَاءِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، أَخْبَرَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ الأَعْلَى، عَنْ أَبِي سَهْلٍ، عَنْ مُسَّةَ، عَنْ أُمِّ سَلَمَةَ، قَالَتْ كَانَتِ النُّفَسَاءُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم تَقْعُدُ بَعْدَ نِفَاسِهَا أَرْبَعِينَ يَوْمًا أَوْ أَرْبَعِينَ لَيْلَةً وَكُنَّا نَطْلِي عَلَى وُجُوهِنَا الْوَرْسَ يَعْنِي مِنَ الْكَلَفِ .

حسن صحيح –

বাংলা

৩১১। উম্মু সালামাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে নিফাসগ্রস্তা মহিলারা চল্লিশ দিন বা চল্লিশ রাত পর্যন্ত অপেক্ষা করতেন। আর আমরা আমাদের মুখমণ্ডল ের দাগ দূর করার জন্য তাতে ওয়ার্স (এক প্রকার সুগন্ধিযুক্ত ঘাস) ঘষে দিতাম।[1]

হাসান সহীহ।

## English

Narrated Umm Salamah, Ummul Mu'minin:

The woman having bleeding after delivery (puerperal haemorrhage) would refrain (from prayer) for forty days or forty nights; and we would anoint our faces with an aromatic herb called wars to remove dark spots.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নিফাসগ্রস্তা নারী কতদিন সালাত আদায় ও সাওম পালন থেকে বিরত থাকবে, হাঃ ১৩৯, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি গরীব। আমরা এটি কেবলমাত্র আবূ সাহলের সূত্রে জানতে পেরেছি। আবূ সাহলের নাম কাসীর ইবনু যিয়াদ। ইমাম বুখারী বলেন, ‘আলী ইবনু ‘আব্দুল আ‘লা এবং আবূ সাহল দু’জনেই নির্ভরযোগ্য), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নিফাসগ্রস্তা নারীর ইদ্দত প্রসঙ্গে, হাঃ ৬৪৮), দারিমী (হাঃ ৯৫৫)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57629

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন